

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আবদুল গণি রোড, ঢাকা।
Web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৬২১.১৮.৪২১

তারিখঃ ২৮-০৩-২০২৪ খ্রিঃ

বিষয় : বিদ্যুৎ খাতে অর্থ বরাদ্দ।

সূত্র : আপনার কার্যালয়ের স্মারক নং-২৯৫, তারিখঃ ১০-০৩-২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের ০৭-০৩-২০২৪ খ্রি. তারিখের ৪০৭ নং পত্রের প্রেক্ষিতে বিদ্যুৎ খাতে চাহিদার স্বপক্ষে বিস্তারিত তথ্যসহ অর্থ বরাদ্দের জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ জানানো হয়েছে। পত্রের সাথে সংযুক্ত কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায়, সেপ্টেম্বর/২২ মাস হতে ফেব্রুয়ারি/২৪ মাস পর্যন্ত সাইলো ও ওয়্যারহাউজের খাদ্যশস্য গ্রহণ ও প্রেরণ এর সাথে বিদ্যুৎ বিলের অসামঞ্জস্যতা রয়েছে। যেমন- অক্টোবর/২২ মাসে ওয়্যারহাউজ এবং সাইলোতে মোট গ্রহণ ও প্রেরণ ৮,৪৯০.১৫৯ মেট্রিক টন এর বিপরীতে ৫০৬৩/- টাকা এবং নভেম্বর/২২ মাসে ৮,৭৬৪.২৮১ মেট্রিক টন এর বিপরীতে ৩৫,০০২/- টাকা বিদ্যুৎ বিল পরিশোধ করা হয়। আবার জুলাই/২৩ মাসে ৬,৯৮৫.০৫৫ মেট্রিক টন এর বিপরীতে ১৮,৭১০/- টাকা এবং আগস্ট/২৩ মাসে ৪১০৭.৭২৯ মেট্রিক টন এর বিপরীতে ১,২৬,৫৩৬/- টাকা বিদ্যুৎ বিল পরিশোধ করা হয়। বিষয়টি আরও যাচাই বাছাই করা প্রয়োজন মর্মে নিম্নস্বাক্ষরকারীর মনে হয়েছে।

এমতাবস্থায়, বিদ্যুৎ বিলের অসামঞ্জস্যতার কারণ এবং এ বিষয়ে স্থানীয় বিদ্যুৎ বিভাগের সাথে কোনো পত্রালাপ করা হয়েছে কিনা সেটিসহ বিস্তারিত তথ্য জানানোর জন্য বলা হলো।

সংযুক্তি: মাসভিত্তিক তুলনামূলক বিবরণী ১ (এক) পাতা।

সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো, বগুড়া।

স্বাক্ষরিত
মো: আব্দুস সালাম
পরিচালক
হিসাব ও অর্থ বিভাগ

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৬২১.১৮.৪২১(৩)

সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। মহাপরিচালক (গ্রেড-১) এর একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য।

২। উপখাদ্য পরিদর্শক, মজুদ, বিক্রয় ও ক্যাশ শাখা, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো।

৩। অফিস কপি

তারিখঃ ২৮-০৩-২০২৪ খ্রিঃ

স্বাক্ষরিত
মো: সাহিদার রহমান
ইন্সট্রাক্টর

সংযুক্তি-হিসাব ও অর্থ বিভাগ

সাপ্তাহার সাইলো

ক্রমিক নং	মাসের নাম	গ্রহণ ও প্রেরণ (মে.টন)		মোট	বিদ্যুৎ বিলের পরিমাণ	মন্তব্য
		সাইলো	ওয়ারহাউজ			
১.	সেপ্টেম্বর/২০২২	৭,৭২১.৪৬৬	০	৭,৭২১.৪৬৬	১২,২৯৬/-	
২.	অক্টোবর/২০২২	৮,৪৯০.১৫৯	০	৮,৪৯০.১৫৯	৫,০৬৩/-	
৩.	নভেম্বর/২০২২	৭,৭৭৬.১৫৫	৯,৮৮.১২৬	৮,৭৬৪.২৮১	৩৫,০০২/-	
৪.	ডিসেম্বর/২০২২	৫,০৩৩.১৮৮	১,৫৩৪.৮৩২	৬,৫৬৮.০২	১,০১,৩৬১/-	
৫.	জানুয়ারী/২০২৩	৬,২৪০.০৩৭	৫,০৯১.৫৮৮	১১,৩৩১.৬২৫	১,৩২,৬৫৫/-	
৬.	ফেব্রুয়ারি/২০২৩	৩,২১৮.৬৬৩	২,৪৭৪.০৫৯	৫,৬৯২.৭২২	৭৭,৯৩৪/-	
৭.	মার্চ/২০২৩	৫০৮.৯৬৪	৪,৩৫৪.৪৯৬	৪,৮৬৩.৪৬	১৪,৩২৬/-	
৮.	এপ্রিল/২০২৩	০	৩৫৭.৪৩৩	৩৫৭.৪৩৩	১,৬৯৮/-	
৯.	মে/২০২৩	২৭০.০০০	২,৫৭৬.৮৭৯	২,৮৪৬.৮৭৯	১৪,৮৮৫/-	
১০.	জুন/২০২৩	০	৮,৯৫০.৭০০	৮,৯৫০.৭০০	২০,৪০৫/-	
মোট=		৩৯,২৫৮.৬৩২	২৬,৩২৮.১১৩	৬৫,৫৮৬.৭৪৫		
১১.	জুলাই/২০২৩	৩৪৮৭.৪৮৫	৩৪৯৭.৫৭০	৬,৯৮৫.০৫৫	১৮,৭১০/-	
১২.	আগস্ট/২০২৩	২১০৯.৯৮০	১৯৯৭.৭৪৯	৪,১০৭.৭২৯	১,২৬,৫৩৬/-	
১৩.	সেপ্টেম্বর/২০২৩	১১১৯৪.৬১৪	০	১১,১৯৪.৬১৪	২,৮০,৩১৭/-	
১৪.	অক্টোবর/২০২৩	৪৪৬৩.২১৯	০	৪,৪৬৩.২১৯	৭৪,৩৮৬/-	
১৫.	নভেম্বর/২০২৩	৯৫৬.৭০০	০	৯৫৬.৭০০	২৫,১৬৫/-	
১৬.	ডিসেম্বর/২০২৩	১৩৩৬.৭৯৪	৭৭৯.৯২২	২,১১৬.৭১৬	৪৮,২২৯/-	
১৭.	জানুয়ারি/২০২৪	১৩৩২.৯৭৩	৪৪৯.৯৬০	১,৭৮২.৯৩৩		
১৮.	ফেব্রুয়ারী/২০২৪	৪১০১.৮৫১	৭৩৮৭.৮১২	১১,৪৮৯.৬৬৩		
মোট=		২৮,৯৪৩.৬১৬	১৪,১১৩.০১৩	৪৩,০৯৬.৬২৯		

Aju
২৭.০৬.২৪

ইছমত আরা শিরীশ
২৭.০৬.২০২৪
ইছমত আরা শিরীশ
সহকারী উপপরিচালক